দৈনিক সংবাদ

তারিখ ... 03 MAR 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ২০০৬ সালের মধ্যে দেশ নিরক্ষরমুক্ত করা হবে

## ❑ শিক্ষা কর্মসূচি উদ্বোধনকালে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ২০০৬ সালের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূর করার লক্ষ্যে তার সরকার শিক্ষা বিস্তারের ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে। গতকাল সোমবার ওসমানী স্মৃতি মিলনায়তনে মসজিদভিত্তিক প্রাথমিক শিক্ষা কর্মসূচির উদ্বোধনকালে প্রধানমন্ত্রী একথা বলেন। খবর বাসস'র।

মসজিদভিত্তিক প্রাথমিক শিক্ষা কর্মসূচি গ্রহণ করায় প্রধানমন্ত্রী ধর্ম মন্ত্রণালয়ের প্রশংসা করেন। তিনি বলেন, এ প্রচেষ্টা নিরক্ষরতামুক্ত দেশ গঠনে সরকারের অঙ্গীকার বাস্তবায়নে সহায়ক হবে। মসজিদভিত্তিক প্রাথমিক শিক্ষা কর্মসূচির যথার্থতা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, এ প্রচেষ্টার ফলে দেশে প্রাথমিক শিক্ষার জন্য শ্রেণীকক্ষ ও শিক্ষকের যে অভাব রয়েছে তা অনেকাংশে লাঘব হবে। তিনি বলেন, মসজিদের শিক্ষিত ইমামদের মাধ্যমে খুব সহজেই দ্বিতীয় শ্রেণী পর্যন্ত শিক্ষা কার্যক্রম চালু করা সম্ভব। ফজর থেকে জোহরের নামাজের মধ্যবর্তী সময়ে পাঠদানের কাজ চলতে পারে।

প্রধানমন্ত্রী বলেন, আগের সরকার জনগণের ধর্মীয় অনুভূতিকে রাজনৈতিক স্বার্থে ব্যবহার করলেও ইসলামের উন্নয়নে কাজ করেনি। তিনি বলেন, তার সরকার ১০ কোটি টাকা ব্যয়ে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব ভবন নির্মাণের কাজ শুরু করেছে। সরকার দেশের ৪২টি জেলায় ইসলামিক ফাউন্ডেশনের অফিস স্থাপনেরও সিদ্ধান্ত নিয়েছে।